

জগন্নাথ

প্রিন্ট: ১৮ নভেম্বর ২০২৫, ০৪:২৯ পিএম

ভর্তি

জবি 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষার তারিখ পরিবর্তন



জবি প্রতিনিধি

প্রকাশ: ১৮ নভেম্বর ২০২৫, ০১:৩৭ এএম



ফাইল ছবি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে স্বরস্তুতী পূজার কারণে ১০২৫-১৬ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ও বিবিএ প্রথম বর্ষের ‘বি’ ইউনিটের ভর্তি পরীক্ষার তারিখ পরিবর্তন করা হয়েছে।

সোমবার (১৭ নভেম্বর) উপাচার্যের অনুমোদনক্রমে রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. শেখ গিয়াস উদ্দিন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ইউনিট-বি কলা ও আইন অনুষদ পরীক্ষা ৩০ জানুয়ারি (শুক্রবার) বিকাল সাড়ে তিঙ্গাটা থেকে সাড়ে ৪ টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, প্রকাশিত ভর্তি বিজ্ঞপ্তিতে ঘোষিত জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ১০২৫-১০২৬ শিক্ষাবর্ষের ইউনিট-বি এর পরীক্ষা ছিল ২৩ জানুয়ারি। ওইদিন সরস্তুতী পূজা হওয়ায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি কমিটি (১০২৫-১০২৬) এর ১৬ নভেম্বর সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত পরীক্ষার তারিখ ও সময় পুনঃনির্ধারণ করা হলো। তবে পূর্বে প্রকাশিত বিজ্ঞপ্তির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

এর আগে, ই-ইউনিট (চারুকলা অনুষদ) এর পরীক্ষা ১৩ ডিসেম্বর (শনিবার) বেলা ৩টা থেকে ৪:৩০; এ-ইউনিট (বিজ্ঞান ও লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদ) এর পরীক্ষা ১৬ ডিসেম্বর (শুক্রবার) সকাল ১১ টা থেকে ১২ টা; সি-ইউনিট (বিজনেস স্টাডিজ অনুষদ) এর পরীক্ষা ১৭ ডিসেম্বর (শনিবার) সকাল ১১টা থেকে ১২টা; ডি-ইউনিট (সামাজিক বিজ্ঞান অনুষদ): ৯ জানুয়ারি (শুক্রবার) সকাল ১১টা থেকে ১২টা; বি-ইউনিট (কলা ও আইন অনুষদ): ২৩ জানুয়ারি (শুক্রবার) সকাল ১১টা থেকে ১২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে বলে জানানো হয়।